



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

তারিখ: ০২/১০/২০২৫

নং-১২১০/ক/অনু:২০২৫/৭০৭

বিষয় : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১. বোর্ডের ০১/০৬/২০২৫ তারিখে অনুষ্ঠিত উচ্চমাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির ১০তম সভার সুপারিশ।

২. ০১/০৬/২০২৫ তারিখে মঞ্জুরী কমিটির সুপারিশের ভিত্তিতে এবং পরবর্তী বোর্ড সভায় অনুমোদন সাপেক্ষে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ গাজীপুর জেলার সদর উপজেলাধীন “আমবাগ মাইস্টোন স্কুল এন্ড কলেজ”-কে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ হতে উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

আবশ্যিক বিষয়সমূহ	মানবিক বিভাগের বিষয়সমূহ	ব্যবসায় শিক্ষা বিভাগের বিষয়সমূহ	বিজ্ঞান বিভাগের বিষয়সমূহ
১। বাংলা	১। পৌরনীতি ও সুশাসন	১। হিসাব বিজ্ঞান	১। পদার্থ
২। ইংরেজি	২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা	২। রসায়ন
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	৩। সমাজকর্ম	৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন	৩। জীব বিজ্ঞান
	৪। গার্হস্থ্য বিজ্ঞান	৪। কৃষি শিক্ষা	৪। উচ্চতর গণিত


শর্তসমূহ:

- নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- কলেজের নামে জমির খতিয়ান সংগ্রহ করে অনলাইনে হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে;
- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- কলেজের কোন শাখা/ক্যাম্পাস চালু করা যাবে না;
- সরকারি নীতিমালা অনুযায়ী NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না;
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে যথাক্রমে ৪,০০,০০০/- (চার লক্ষ) ও ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যাংকে জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের পূর্বানুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না;
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা: ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে;
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে;
- অতিসত্তর কলেজ কোড নম্বর সংগ্রহের জন্য বোর্ডে আবেদন করতে হবে;
- আগামী ০১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে;
- উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- মানবিক শাখায় ৫০ জন, ব্যবসায় শিক্ষা শাখায় ৫০ জন, বিজ্ঞান শাখায় ৫০ জন। শিফট: দিবা, ভার্শন: বাংলা, ধরণ: সহশিক্ষা।
- উচ্চমাধ্যমিক পর্যায়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ১৩/০৭/২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা যৌথ নামে (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/গভর্নিং বডি/সভাপতি ও জেলা শিক্ষা অফিসার) প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২ (সংশোধিত-২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে;

চলমান পাতা-০২

- ১৫। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- ১৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ১৭। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার/বাতিল করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর মোঃ রিজাউল হক

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ/সভাপতি

আমবাগ মাইলস্টোন স্কুল এন্ড কলেজ


সদর, গাজীপুর।

মেমো নং- ৭৯৭(৯)

তারিখ: ০৯/১০/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর, গাজীপুর।।
- ৭। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৯। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ১০। অফিস কপি



কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

